

বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিল হতে অনুদান মঞ্জুরী সংক্রান্ত তথ্য নিম্নরূপ :

বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিল ১৯৮৬ সাল থেকে কার্যক্রম পরিচালনা করে আসছে। উক্ত তহবিলে এসআই/সমমান হতে তদনিম্ন সকল পুলিশ/নন-পুলিশ সদস্যদের নিকট হতে বছরে দুই বার চাঁদা কর্তন করা হয়। এ তহবিল হতে কেবল এসআই/সমমান হতে তদনিম্ন সকল পুলিশ/নন-পুলিশ সদস্য চাকুরিরত অবস্থায় অথবা অবসর গ্রহণের দুই বছর পর্যন্ত দাফন-কাফন/অন্ত্যেষ্টিক্রিয়া বাবদ এককালীন ৪০ হাজার টাকা ও মৃত্যুবরণ অথবা স্থায়ী অক্ষমতার ক্ষেত্রে এককালীন ১০ হাজার টাকাসহ প্রতিমাসে ১৫০০ টাকা করে ১৫ বছর পর্যন্ত কল্যাণ ভাতা সুবিধা পেয়ে থাকেন। এছাড়া বিশেষ ও ব্যয়বহুল, গুরুতর এবং সাধারণ চিকিৎসার ক্ষেত্রে আর্থিক অনুদান প্রাপ্ত হন।

এরই ধারাবাহিকতায় বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিলের ব্যবস্থাপনা বোর্ডের ২০২৬ সালের ৪র্থ সভায় (জুন/২৬) ইসপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশ ও চেয়ারম্যান, বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড মহোদয়ের অনুমোদন সাপেক্ষে এসআই/সমমান হতে তদনিম্ন ৪২০ জনের অনুকূলে সর্বমোট ১,৭৩,৪৫,৬০০/- (এক কোটি তেয়াজুর লক্ষ পঁয়তাল্লিশ হাজার ছয়শত টাকা) আর্থিক অনুদান নিম্নরূপ মঞ্জুর করা হয়:

১। ৫১ জন মৃত এসআই/সমমান হতে তদনিম্ন সদস্যদের পরিবারের অনুকূলে মৃত্যুর তারিখ হতে ১৫ বছর পর্যন্ত এককালীন ও মাসিক ভাতা মোট ১০,০৮,৬০০/- (দশ লক্ষ আট হাজার ছয়শত) টাকা অনুদান মঞ্জুরি প্রদান করা হয়। তন্মধ্যে ০৫ জন এসআই/সমমান, ০৬ জন এএসআই/সমমান, ৩৬ জন কনস্টেবল, ০৩ জন নায়েক এবং ০১ জন নন-পুলিশ সদস্য।

২। ৫৭ জন মৃত এসআই/সমমান হতে তদনিম্ন সদস্যদের পরিবারের অনুকূলে দাফন-কাফন সংক্রান্ত মোট ১৯,৯৫,০০০/- (উনিশ লক্ষ পঁচানব্বই হাজার) টাকা অনুদান মঞ্জুরি প্রদান করা হয়। তন্মধ্যে ০৬ জন এসআই/সমমান, ০৮ জন এএসআই/সমমান, ৩৮ জন কনস্টেবল, ০৩ জন নায়েক এবং ০১ জন নন-পুলিশ সদস্য।

৪। ৩০৬ জন পুলিশ/নন-পুলিশ সদস্যদের বিশেষ ও ব্যয়বহুল/গুরুতর/সাধারণ ক্যাটাগরিতে মোট ১,৪২,৯৫,০০০ (এক কোটি বিয়াল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার) টাকা চিকিৎসা অনুদান প্রদান করা হয়। তন্মধ্যে ৫৫ জন এসআই/সমমান, ৪৬ জন এএসআই/সমমান, ১৬ জন নায়েক, ১৮০ জন কনস্টেবল এবং ০৯ জন নন-পুলিশ সদস্য।



বাংলাদেশ পুলিশ কর্মচারী নিরাপত্তা প্রকল্প (পনপ) তহবিল হতে অনুদান মঞ্জুরী সংক্রান্ত তথ্য নিম্নরূপ :

বাংলাদেশ পুলিশ কর্মচারী নিরাপত্তা প্রকল্প (পনপ) ১৯৮৬ সাল থেকে কার্যক্রম পরিচালনা করে আসছে। এ প্রকল্পের আওতায় বাংলাদেশ পুলিশে সকল পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের নিকট হতে পদমর্যাদা অনুযায়ী বিভিন্ন হারে বাৎসরিক চাঁদা কর্তন করা হয়। উক্ত তহবিল হতে চাকুরিরত অবস্থায় অথবা অবসর গ্রহণের দুই বছর পর্যন্ত কোন সদস্য মৃত্যুবরণ করলে মৃতের পরিবার এককালীন আর্থিক অনুদানের সুবিধা পেয়ে থাকেন।

এরই ধারাবাহিকতায় বাংলাদেশ পুলিশ কর্মচারী নিরাপত্তা প্রকল্প (পনপ) পরিচালনা পরিষদের ২০২৬ সালের ৪র্থ সভার (মে/২৬) সভাপতি জনাব মোঃ আকরাম হোসেন, বিপিএম, অ্যাডিশনাল আইজি (ফিন্যান্স), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা মহোদয়ের অনুমোদন সাপেক্ষে ২৪ জন বিভিন্ন পদবীর মৃত সদস্যদের পরিবারের অনুকূলে এককালীন মোট ৩০,৩৫,০০০ (ত্রিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা অনুদান পদবী অনুযায়ী মঞ্জুরি প্রদান করা হয়। তন্মধ্যে ০২ জন পুলিশ পরিদর্শক, ০৩ জন এসআই/সমমান এবং ১৯ জন এএসআই হতে তদনিম্ন সদস্য।

